

লরেন্স ব্যারেল

দুঃসময়ের সময় আসেনি

এখনো সময় আসেনি হেরে যাবার
এখনো সময় আসেনি তোমাকে হারাবার ।

বার বার দৃশ্য ভাঙ্গার তপ্ত ইতিহাস আমার,
তারপরেও
এখনো সময় আসেনি স্বপ্ন ভাঙ্গার ।

সুখ পুড়ে পুড়ে গেঁথেছি স্মৃতি
দুঃখ ঢেলে বেঁধেছি বাসর
রেখেছি আগামীর গহীনে,
এখনো সময় আসেনি স্মৃতি পোঁড়াবার ।

একঝাঁক অচেনা পাখিরা বারবার
করে দৃষ্টি রেখায় বেঁধে দেয় জোয়ার
তাবৎ দিন হয়ে যায় ঘরোয়া পংক্তিমালা
এখনো সময় আসেনি পংক্তি ওড়াবার ।